

আগস্ট, 2008

গ্রাহক যোগাযোগ কেন্দ্র: 08456 05 05 05
ফ্যাক্স: (+44) 023 8079 2615
টেক্সটফোন: 023 8079 2906
(শুধু কানে শোনার অন্তর্বিধে আছে এমন ব্যবহারকারীদের জন্য)
ওয়েবসাইট: www.ordnancesurvey.co.uk

আমাদের সূত্র: FM7E

প্রিয় পিতা-মাতা/অভিভাবক

11 বছর বয়সীদের জন্য বিনামূল্যে মানচিত্র – 2008 : আপনার শিশুকে বিনামূল্যে অর্ডন্যান্স সার্ভে'র [**Ordnance Survey**] একটি মানচিত্র দেওয়ার ব্যবস্থা

আজকে আপনার শিশুকে স্কুল থেকে বিনামূল্যে 1:25 000 স্কেল এর একটি Explorer™ Ordnance Survey মানচিত্র দেওয়া হয়েছে। এই মানচিত্রগুলি 7ম বর্ষ/ 7ম প্রাইমারি এর ছাত্রছাত্রীদের দেওয়া হচ্ছে তাদের মানচিত্র দেখার দক্ষতার উন্নতি ঘটাতে সাহায্য করার জন্য। এই মানচিত্রটি আপনার শিশুর এবং সে এটি নিজের কাছে রাখতে পারবে।

কখনও কখনও শিক্ষক-শিক্ষিকারা ছাত্রছাত্রীদের মানচিত্রটি স্কুলে নিয়ে আসার নির্দেশ দেবেন। এগুলি ভূগোলের পাঠে ব্যবহৃত হবে, যেখানে কীভাবে একটি মানচিত্র দেখতে হয় তা শেখা জাতীয় পাঠক্রমের অন্তর্ভুক্ত, কিন্তু এগুলি অন্যান্য বিষয়ের পাঠের জন্যও ব্যবহৃত হতে পারে। অধিকাংশ স্কুল এমন একটি মানচিত্র নির্বাচন করেছে যাতে স্কুলের স্থানীয় এলাকাটি অন্তর্ভুক্ত অথবা ছাত্রছাত্রীদের নিয়মিত নিয়ে যাওয়া হয় এমন কোন এলাকা দেখানো আছে। অনেক শিশুর এমন সৌভাগ্য হবে যে তারা মানচিত্রে তাদের বাড়ি এবং স্কুল উভয় এলাকাই দেখতে পারে।

কীভাবে তাদের মানচিত্র তারা ব্যবহার করবে তা শেখাতে আপনার শিশুকে সাহায্য করার জন্য *মানচিত্র দেখতে শেখা কতই না সহজ* [*Map reading made easy peasy*] শীর্ষক একটি প্রচারপত্র দেওয়া হবে যা বিশেষত শিশুদের জন্যই লেখা হয়েছে। এই বছরে আমরা একটি প্রতিযোগিতারও ব্যবস্থা করতে পেরে আনন্দিত হয়েছি যাতে জিতলে টাইম টিম এর সঙ্গে একটি উদ্দীপক দিন বাইরে কাটানো যাবে। যদি আপনার শিশু এই প্রতিযোগিতায় যোগ দিতে চায়, তাহলে আপনাকে অবশ্যই প্রবেশ ফর্ম এ স্বাক্ষর করে আপনার অনুমতি দিতে হবে।

আপনি আপনার শিশুকে মানচিত্রে বিভিন্ন স্থান দেখাতে বলে এবং তারা যখন বাড়ির বাইরে যাবে তখন যতে তারা এই মানচিত্রটি ব্যবহার করে সে ব্যাপারে উৎসাহ দিয়ে তার মানচিত্র দেখার দক্ষতার উন্নতিসাধন করতে পারেন।

বিনামূল্যে প্রাপ্ত এই মানচিত্রের সাহায্যে আপনার শিশুকে শিক্ষণীয় বিষয় উপভোগ করতে সাহায্য করার জন্য ধন্যবাদ।

দশটি (10) ভাষায় এই চিত্রের বিভিন্ন সংস্করণ ফ্রী ম্যাপ্‌স [**Free maps**] ওয়েবসাইট থেকে ডাউনলোড করার জন্য পাওয়া যাবে। আরও বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে ওয়েবসাইট এর প্রায়শঃই জিজ্ঞাসা করা হয় এমন প্রশ্নাবলী [**FAQ**] অংশটি দেখুন।

আপনাদের বিশ্বস্ত



রজার জিন্স [**Roger Jeans**]
এডুকেশন ম্যানেজার [**Education Manager**]